দৈনিক খবর

তারিখ 10 DEC 1992
পৃষ্ঠা ১ কলাম ৬

43

### মৌলবাদী সংগঠন নিষিদ্ধ করার দাবী

# শ্বেত পতাকা উড়িয়ে ১৬টি ছাত্র সংগঠনের শান্তি মিছিল

।।স্টাফরিপোর্টার।।

সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার আহবান জানিয়ে গতকাল বুধবার ১৬টি ছাত্র সংগঠন রাজধানীতে শান্তির পতাকা উড়িয়ে শান্তি মিছিল ও সমাবেশ করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) এ সর্বদলীয় শান্তি মিছিলে যোগদান না করে পৃথক মিছিল করেছে। ১৬ ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ মৌলবাদী রাজনৈতিক সংগঠন নিষিদ্ধ ঘোষণার দাবী জানিয়েছেন এবং দেশে দাঙ্গা-হাঙ্গামারোধে সবাইকে এগিয়ে আসার আহবানজানান।

গতকাল বেলা সাড়ে ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশ থেকে ১৬টি ছাত্র সংগঠনের একটি শান্তি মিছিল বের হয়। এর আগে

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## শ্বেত পতাকা উড়িয়ে

প্রথম পৃষ্ঠার পর

অপরাজেয় বাংলার পাদদেশে আয়োজিত সংক্ষিপ্ত সমাবেশে বক্তৃতা করেন ছাত্রলীগ (ম-ই) সভাপতি মইনুদ্দিন হাসান চৌধুরী, ছাত্রনেতা আবদুল্লাহ আল কাফী রতন, ওবায়দুর রহমান চুন্নু ও পংকজ নাথ। ঢাকেশ্বরী মন্দিরের সামনে শান্তি মিছিল শেষে সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা রুহুল কুদ্দুস বাবু।

শান্তির শ্বেত পতাকা উড়িয়ে ১৬টি ছাত্র সংগঠনের নেতা কর্মীদের সাথে ঢাকা বিশ্ববিদ্যালয় সাধারণ ছাত্র-ছাত্রীরাও শান্তি মিছিলে যোগ দিয়েছে। তবে ঢাকা বিশ্ববিদ্যাল কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) সর্বদলীয় শান্তি মিছিলে যোগ না দিয়ে পৃথক একটি মিছিল নিয়ে, জাতীয়তাবাদী ছাত্র দলের সাথে প্রেসক্লাবের সামনে আয়োজিত এক সমাবেশে মিলিত হয়।

অপরাজেয় বাংলার পাদদেশ থেকে বেরিয়ে ১৬টি ছাত্র সংগঠনের নেতা-কর্মীরা মধুর ক্যান্টিন হয়ে-দোয়েল চত্বর, জাতীয় প্রেসক্লাব, মতিঝিল হয়ে গোলাপশাহ মাজার, চানখারপুল ও পলাশী হয়ে পরে ঢাকেশ্বরী মন্দিরের সামনে মিলিত হয়। সেখানে সমাবেশ শেষে নেতা-কর্মীরা পুনরায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ফিরে আসে। ছাত্রনেতা মইনুদ্দিন হাসান চৌধুরী বলেন, ভারতে বাবরী মসজিদ ধ্বংসকারী মৌলবাদীদের মতো এদেশেও জামায়াত-শিবির যুব কমান্ড সমর্থকরা সংখ্যালঘু জনগোষ্ঠীর ধর্মীয় প্রতিষ্ঠানে হামলা চালাচ্ছে। তিনি বলেন, যে কোন মূল্যে ধর্ম প্রতিষ্ঠানে হামলাকারীদের রুখে দাঁড়িয়ে এ দেশে মৌলবাদী রাজনীতি বন্ধ করতে হবে। তিনি বাংলাদেশে মৌলবাদী রাজনীতি বন্ধ করার জন্য সরকারের প্রতি আহবানজানান।

ছাত্রনেতা রুহুল কুদ্দস বাবু বলেন, জামায়াত নেতা আব্বাস আলী মতিউর রহমান নিজামীরা ভারতীয় মৌলবাদী গোড়া হিন্দু নেতা লালকৃষ্ণ আদভানীর সাথে গোপন চুক্তি করে এ দেশে সাম্প্রদায়িক দাঙ্গা সৃষ্টির পাঁয়তারা চালাচ্ছে। তিনি অবিলম্বে জামায়াত সমর্থকদের গ্রেফতার ও তাদের রাজনৈতিক কার্যক্রম বন্ধ ঘোষণার দাবী জানান।